



নতুন বছরের সেরা কিছু অ্যাপ

আনোয়ার হোসেন

Hতে পারে আপনি প্রথমবারের মতো অ্যান্ড্রয়েড ডিভাইস ব্যবহার করেছেন, অথবা বাজারে আসা সবচেয়ে ভালো মানের অ্যান্ড্রয়েড ফোনটি ব্যবহার করা শুরু করেছেন, অথবা ইচ্ছে করে বা বাধ্য হয়ে আপনার ফোনটিতে ফ্যাক্টরি রিসেট দিয়েছেন, যার ফলে আপনার ফোনটি এখন সম্পূর্ণ খালি অবস্থায় আছে, অর্থাৎ কোনো অ্যাপ ইনস্টল করা নেই। এখন এরকম অবস্থায় ফোনে অ্যাপ ইনস্টল করা খুবই বিরক্তিকর একটি কাজ। কেননা, অ্যাপের সমৃদ্ধ থেকে সেরা কিছু অ্যাপ খুঁজে বের করা বেশ বাকির কাজ। বিষয়টি এমন, আপনি যদি গুগল প্লেস্টোর থেকে প্রতি সেকেন্ডে একটি করে অ্যাপও দেখেন, তাহলে ওই স্টোরের সব দেখার জন্য আপনার দরকার হবে ২৩ দিন! তাই আমরা এ লেখায় অ্যান্ড্রয়েডের সেরা কিছু অ্যাপ সম্পর্কে জানব, যেগুলোর কিছু নতুন, কিছু পুরণো।

ডলফিন



অ্যান্ড্রয়েড
অসাধারণ
অভিজ্ঞতা দিতে
পারে এমন
একটি ব্রাউজার

হচ্ছে ডলফিন। পরিকার, ট্যাবেড এই ব্রাউজার আপনাকে ভুলিয়ে দেবে আপনি মোবাইল ডিভাইসে আছেন। এতে আছে এভারনোট, লাস্টপাসের মতো সেবার ইন্টিগ্রেশন সাপোর্ট। এতে অ্যাড ব্লকিং সুবিধা আছে, আর আছে ফ্ল্যাশ সাপোর্ট।

ডুডল



ইভেন্ট
সিডিউলের
জন্য ভালো
একটি অ্যাপ

হচ্ছে ডুডল। এটি ব্যবহার করে কোনো ইভেন্টের জন্য সবচেয়ে ভালো সময় খুঁজে নেয়া যায়। এর সাহায্যে অংশ নেয়াদেরকে তাদের পছন্দের সময় নির্ধারণের সুযোগ

দেয়া যায়। ভিন্ন ভিন্ন অপশন থেকে বেছে নেয়া যায় সুবিধাজনক সময়। হ্যাঁ এই সেবা পেতে অ্যাপ থাকার বা এতে অ্যাকাউন্ট থাকার প্রয়োজনও নেই। ডুডলের সাহায্যে পরিকল্পনা করে নিতে পারেন পরবর্তী পার্টি, আউটডোর অ্যাডভেঞ্চর, ব্যবসায় মিটিং, রিহুনিয়ন, বারবিকিউ, বুক ক্লাব বা অন্য কোনো অনুষ্ঠানের। পুনঃ পুনঃ ই-মেইলের আদান-প্রদান বা ওয়াটস অ্যাপ বা অন্য কোনো সোশ্যাল মিডিয়ায় ম্যাসেজের ঝড় না তুলে কোনো ইভেন্ট সিডিউল ঠিক করার জন্য ব্যবহার করা যেতে পারে ডুডল।


ড্রপ বক্স



ফটো,
ভিডিও, ডক্স
বা অন্যান্য
ফাইল জমা
রাখার জায়গা
হচ্ছে ড্রপ বক্স। দরকারি সব
ফাইলের ব্যাকআপ এখানে রেখে
দিয়ে প্রয়োজনে যেকোনো ডিভাইস
থেকে অ্যাক্সেস পাওয়া যেতে
পারে। এর সাহায্যে যেকোনো বড়
ফাইল পাঠানো যাবে খুব সহজেই,
এমনকি এর জন্য কোনো ড্রপ বক্স
অ্যাকাউন্ট থাকারও প্রয়োজন
নেই।

মাই এসিচ রান কোচিং

রানিং অ্যাপের ধায় সবগুলোই ট্রেনিং সুবিধা দেয়ার বিনিয়ো
পয়সা নিয়ে থাকে। সেদিক দিয়ে
মাই এসিচ রান কোচিং অ্যাপটি
ফ্রি। অ্যাপটি অ্যান্ড্রয়েড ও অ্যাপল
দুই ভার্সনের জন্যই। এটিকে



কাস্টোমাইজড করে নেয়া যায় ৫
কিলোমিটার, ১০ কিলোমিটার, ৫
মাইল, ১০ মাইল, হাফ ম্যারাঠন
অথবা ম্যারাঠন সৌড় ইত্যাদি
শ্রেণীতে। এই অ্যাপে ফিল্ড
কোনো সিডিউল ঠিক করে দেয়া

নেই। ব্যবহারকারীর দৌড়ের
তথ্যের ওপর ভিত্তি করে অ্যাপটি
পরিকল্পনা সমষ্টি করে নেয়।

অ্যাপল মিউজিক

অ্যাপলের অ্যাপ আইওএস
অ্যাপোরেটিং সিস্টেমের জন্য
বানানো এ কথা আমরা সবাই
জানি। কিন্তু কিছুটা অবাক হওয়ার
মতো হলেও সত্যি, অ্যান্ড্রয়েড
ডিভাইসের জন্য অ্যাপলের
অফিসিয়াল অ্যাপ আছে। অ্যাপল
মিউজিক সেরকম একটি অ্যাপ।



এর মাধ্যমে অ্যাপল তাদের
মিউজিক স্ট্রিমিং সেবা এখন থেকে
গুগলের সেবা গ্রহণকারীদের জন্য
পাওয়া যাবে। সম্পূর্ণ অ্যাপল
অ্যাপটির বেটা ভার্সন রিলিজ
করেছে। নতুন হোম স্ক্রিনের সাথে
আছে একটি ইকুইলাইজার। তবে
বেটা ভার্সনে বেশ কিছু বাগ রয়ে
গেছে। অ্যাপলের ইকো সিস্টেমের
সহায়তা না থাকার কারণে
অ্যাপলের মোবাইল ডিভাইসের
তুলনায় অ্যান্ড্রয়েড ভার্সনে এটি
তুলনামূলকভাবে কম আকর্ষণীয়।



ইজিলিং ডু
আমাদের
মধ্যে অনেকেই
ভুলো-মন।

আপনিও যদি সেরকম একজন হয়ে
থাকেন, তবে ইজিলিং ডু অ্যাপটি
আপনারই জন্য। অ্যাপটিকে
আপনার সোশ্যাল মিডিয়া এবং
ক্যালেন্ডারের সাপোর্ট সহকারে
ইনস্টল করার পর একটি ডাশ
বোর্ড থেকে এটি আপনার সব
খুঁটিনাটি কাজের তালিকা দেখাবে।
সবচেয়ে প্রিয় বন্ধু বা বান্ধবীর
জন্মদিনের কথা আপনার যদি মনে
না থাকে, তবে ইজিলিং ডু অ্যাপটি
আপনাকে সে কথা মনে করিয়ে
দেবে এবং তাকে একটি ম্যাসেজ
কোনো সিডিউল ঠিক করে দেয়া

দেবে। ছোট ছোট বিষয়গুলোকে
অ্যাপটি অনেক সহজ করে দিয়ে
সময় বাঁচাতে সাহায্য করবে।

এভারনোট

ব্যবস্থাপনার জন্য টুল হিসেবে
এভারনোটের নাম অন্যতম। এটি
একবার ব্যবহার করা শুরু করলে
আপনি এর ওপর নির্ভরশীল হয়ে
পড়বেন এবং ভঙ্গও হয়ে যাবেন।
এই শক্তিশালী টুলটি প্রায় সব
কিছুর ব্যবস্থাপনা করতে সাহায্য



করে। সেটা
হতে পারে
ইমেজ,
অডিও,
টেক্সট
ইত্যাদি

যেকোনো কিছু। এর দারকণ সব
ফিচারের একটি হচ্ছে অপটিকাল
ক্যারেক্টাৰ চিহ্নিত করা। যার
সাহায্যে এটি ইমেজে থাকা টেক্সট
অনুযায়ী সার্চ করতে সক্ষম। তা
ছাড়া এর সব ডাটা ক্লাউডে সেভ
হওয়ার কারণে ডাটার নিরাপত্তার
ব্যাপারে আপনি থাকতে পারবেন
নিশ্চিত।

অ্যাডোবি ফটোশপ এক্সপ্রেস

ডেক্টপ
অ্যান্ড্রয়েডের
মধ্যে ফটোশপ
একটি বহুল
ব্যবহার হওয়া
এবং জটিলতম অ্যাপ্লিকেশন। তবে
ফটোশপ এক্সপ্রেস একটি
শক্তিশালী ও তুলনামূলক ভাবে
সহজ অ্যাপ। এর সাহায্যে
মোবাইলে ইমেজ এডিট থেকে শুরু
করে ইমেজ সৌন্দর্য বাড়ানোর সব
কাজ করতে পারবেন।

ফিডব্যাক :
hossain.anower009@gmail.com

কারংকাজ বিভাগে লিখুন
কারংকাজ বিভাগের জন্য
প্রোগ্রাম ও সফটওয়্যার
টিপস বা টুকিটাকি লিখে
পাঠান। লেখা এক
কলামের মধ্যে হলে ভালো
হয়। সফট কপিসহ
প্রোগ্রামের সোর্স কোডের
হার্ড কপি প্রতি মাসের ২০
তারিখের মধ্যে পাঠাতে
হবে।